



ঘুষ কেলেঙ্কারির অভিযোগে মিরপুর মডেল থানার ওসি প্রত্যাহার



সংগৃহীত ছবি

ঘুষ গ্রহণের অভিযোগ ওঠার পর রাজধানীর মিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ গোলাম আজমকে দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়েছে। তাকে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) সদর দপ্তরের প্রশাসন বিভাগে সংযুক্ত করা হয়েছে।

ডিএমপি কমিশনার (ভারপ্রাপ্ত) মো. সরওয়ারের সই করা এক আদেশে শুক্রবার (১ মে) বিকেলে এই সিদ্ধান্ত নেওয়া হয়। এর আগে ২৬ এপ্রিল তার বিরুদ্ধে ঘুষ নেওয়ার অভিযোগ সামনে আসে।

এ বিষয়ে ডিএমপির মিরপুর বিভাগের উপকমিশনার মো. মোস্তাক সরকার জানান, প্রশাসনিক কারণে ওসিকে প্রত্যাহার করে সদর দপ্তরে সংযুক্ত করা হয়েছে। তবে এখনো মিরপুর মডেল থানায় নতুন কোনো ওসি নিয়োগ দেওয়া হয়নি।

অভিযোগ অনুযায়ী, সামসাদ আরা সাথী নামের এক নারী দাবি করেন, তার মার্কেটের দখল ফিরিয়ে দেওয়ার কথা বলে ওসি গোলাম আজম দুই ধাপে পাঁচ লাখ টাকা নিয়েছেন। এ ঘটনায় তিনি ডিএমপি কমিশনারের কাছে লিখিত অভিযোগও জমা দেন।

ভুক্তভোগী জানান, টাকা নেওয়ার পরও কাজ সম্পন্ন হয়নি। বরং দখলদারদের হামলার শিকার হতে হয়েছে তাকে। এমনকি পরবর্তীতেও অতিরিক্ত অর্থ দাবি করা হচ্ছিল বলেও অভিযোগ করেন তিনি।

এদিকে, অভিযোগের কারণে ওসিকে সরানো হয়েছে কি না—এ বিষয়ে নিশ্চিত করে কিছু বলেননি সংশ্লিষ্ট কর্মকর্তা। উপকমিশনার মোস্তাক সরকার জানান, তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এ বিষয়ে নির্দিষ্টভাবে কিছু বলা সম্ভব নয়।